JUL 17 2002

ভোরের কাগজ

এসএস সি কৃতী ছাত্র-ছাত্রী



ঝিনাইদহ ক্যাডেট কলেজের ৫ কৃতী ছাত্র (বাঁ দিক থেকে) ক্যাডেট প্রতীক, আমিন, তৌফিক, ইমতিয়াজ ও মাহেনুর –ভোরের কাগজ

# ঝিনাইদহ ক্যাডেট কলেজের সাফল্য

**ঝিনাইদহ প্রতিনিধি** : এইচএসসি পরীক্ষায় এবার যশোর বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ১৮ জন। এর মধ্যে ঝিনাইদহ ক্যাডেট কলেজের ৫ জন কৃতী ছাত্র এই স্থান দখল করেছে।

একেএম ইমতিয়াজ আকন্দ এর পিতা মেজর আব্দুর রশিদ আকন্দ, মা-মিসেস মজিদা বেগম। বাড়ি-ঢাকা সেনানিবাস। সে জিপিএ ৫ পেয়ে বিশেষ কৃতিত্ব অর্জন করেছে। তার শখ ক্রিকেট খেলা এবং বিভিন্ন খেলার তথ্য সংগ্রহ করা। সে ভবিষ্যতে সেনা কর্মকর্তা হতে চায়।

শরিফ তৌফিক আতিক জিপিএ ৫ পেয়েছে। তার পিতা ডা. শরিফ জাহাঙ্গীর আতিক, মা-তাউফিকা হোসেন। বাড়ি সাতক্ষীরা। বই পড়া তার শখ। ভবিষ্যৎ জীবনে শরিফ সশস্ত্র বাহিনীতে যোগ দিতে চায়।

মোঃ শহীদুল আমিন এর পিতা মোঃ রেজাউল করিম, মা-বেগম ফাতেমা করিম। বাড়ি খুলনার বয়রা। শহীদুলের শখ বই পড়া। সে সেনাবাহিনীতে যোগ দিতে চায়।

গাজী মাসুদ মোঃ মেহেনুর এর পিতা গাজী মোঃ আব্দুল মান্নান, মা-মোছাঃ হাসিনা বেগম। বাড়ি যশোর সেনানিবাস। বই পড়া মেহেনুরের শখ। সেও ভবিষ্যতে সেনা কর্মকর্তা হতে চায়।

প্রতীক বিশ্বাস এর পিতা সুশীল কুমার বিশ্বাস, মা-রমা বিশ্বাস। বাড়ি বাগেরহাট। তার শখ বই পড়া। প্রতীক ভবিষ্যতে সেনাবাহিনীতে যোগ দিতে চায়।